# স্বাগতম

## বৈদেশিক কর্মসংস্থানের জন্য দক্ষতা ও জনসচেতনতামূলক সেমিনার

আয়োজনেঃ

**প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়**

**ও**

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ভেড়ামারা, কুষ্টিয়া।**

B.A.F PEAASH PHOTOGRAPHY

# মন্ত্রণালয় পরিচিতি

❖প্রবাসী বাংলাদেশীদের কল্যাণ এবং নিরাপদ, অর্থবহ ও টেকসই অভিবাসনের লক্ষ্যে ২০০১ সালে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় প্রতিষ্ঠা করা হয়।

# মাননীয় মন্ত্রী



## জনাব ইমরান আহমদ , এমপি

# রূপকল্প (Vision)

- প্রবাসী বাংলাদেশীদের কল্যাণ ও অধিকার নিশ্চিতকরণ এবং বৈদেশিক কর্মসংস্থানের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন।



# অভিলক্ষ্য (Mission)

- ❖প্রবাসী বাংলাদেশীদের কল্যাণ, নিরাপত্তা ও অধিকার নিশ্চিতকরণ এবং তাদের স্বার্থ সংরক্ষণ;
- ❖নতুন শ্রমবাজার অনুসন্ধান এবং বিদ্যমান শ্রমবাজার সংরক্ষণ ও সম্প্রসারণ;
- ❖মানব সম্পদ উন্নয়নের মাধ্যমে উন্নত কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি করা;
- ❖অভিবাসন ব্যয় হ্রাসসহ অভিবাসন ব্যবস্থাপনায় শৃঙ্খলা প্রতিষ্ঠা;
- ❖দেশের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে প্রবাসীদের অধিক হারে অংশগ্রহণের সুযোগ সৃষ্টি করা।

# মন্ত্রণালয়ের মূল কার্যাবলী

- বৈদেশিক কর্মসংস্থানের জন্য শ্রমবাজার সম্প্রসারণসহ নতুন নুতন দেশে কর্মী প্রেরণের উদ্যোগ গ্রহণ;
- বৈদেশিক শ্রমবাজারের চাহিদা অনুযায়ী বিভিন্ন ক্ষেত্রে দক্ষ জনবল তৈরী;
- অন্যান্য দেশ ও সংস্থার সাথে চুক্তি ও সমঝোতা স্মারক স্বাক্ষর ;
- বিভিন্ন দেশে মিশনসমূহের শ্রম কল্যাণ উইং-এর মাধ্যমে প্রবাসী কর্মীদের সকল ধরনের সহায়তা প্রদান;
- রিক্রুটিং এজেন্ট এর লাইসেন্স প্রদান এবং কার্যক্রম পরিবীক্ষণ।

চলমান...

# বিদেশে অবস্থিত শ্রম কল্যাণ উইং এর কার্যক্রম

- প্রবাসী কর্মী আহত অথবা নিহত হলে তার পাওনাদি প্রাপ্তির ব্যবস্থা গ্রহণ;
- প্রবাসী কর্মীর কর্মস্থল ও আবাসস্থল পরিদর্শন;
- আটককৃত বা কারাদণ্ড প্রাপ্ত কর্মীকে আইনী সহায়তা প্রদান;
- ডিপোর্টেশন সেন্টার, জেলখানা পরিদর্শন এবং জেলখানায় মৃতদের তথ্য প্রেরণ;
- মৃত কর্মীর স্থানীয়ভাবে দাফন অথবা দেশে প্রেরণের জন্য অনাপত্তিপত্র প্রদান;
- অসুস্থ কর্মীকে দেশে প্রেরণের ব্যবস্থা গ্রহণ;
- পাসপোর্ট হালনাগাদকরণ;
- সংশ্লিষ্ট দেশের সাথে দ্বিপাক্ষিক চুক্তির ব্যবস্থা ও বাস্তবায়ন।

# বিএমইটি'র মূল কার্যাবলী (প্রতিষ্ঠিত-১৯৭৬)

- দেশে ও বিদেশে শ্রম বাজারের চাহিদামত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনশক্তি তৈরি ;
- বৈদেশিক শ্রম বাজার সংরক্ষণ ও সম্প্রসারণ;
- বিদেশে কর্মী প্রেরণ / স্মার্ট কার্ড/ ছাড়পত্র প্রদান;
- রিক্রুটিং এজেন্টের লাইসেন্স প্রদান, তদারকি, ব্যবস্থাপনা;
- অভিবাসী কর্মীদের সুরক্ষা;
- জি টু জি প্রক্রিয়ায় / সরকারিভাবে সরাসরি কর্মী প্রেরণ;
- সারাদেশে টিটিসিতে বিদেশগামী কর্মীদের প্রাক-বহির্গমন প্রশিক্ষণ;
- বিদেশগামী কর্মীদের ডাটাবেইজ সংরক্ষণ।

# মন্ত্রণালয়ের অর্জন

- ১৯৭৬ সাল থেকে অক্টোবর/১৯ পর্যন্ত বিশ্বের ১৬৮টি দেশে প্রায় ১ কোটি ২৮ লক্ষ কর্মী বৈদেশিক কর্মসংস্থান হয়েছে, যার মধ্যে ২০১৭ সালে সর্বোচ্চ ১০ লক্ষাধিক ও ২০১৮ সালে ৭ লক্ষাধিক প্রবাসী কর্মী বিদেশে কর্মসংস্থান এবং ২০১৯ সালে অক্টোবর পর্যন্ত ৫ লক্ষ ৪৫ হাজার ৪৫৩ জনের কর্মসংস্থান হয়েছে।
- প্রতিবছর ১৪-১৫ বিলিয়ন মার্কিন ডলার বৈদেশিক মুদ্রা অর্জন হচ্ছে, ২০১৮ সালে সর্বোচ্চ ১৫.৫৪ বিলিয়ন মার্কিন ডলার বৈদেশিক মুদ্রা অর্জন হয়েছে এবং এই বছর অক্টোবর পর্যন্ত ১৫.১২ বিলিয়ন মার্কিন ডলার বৈদেশিক মুদ্রা অর্জন হয়েছে যা এ বছরে ১৬ বিলিয়ন মার্কিন ডলার ছাড়িয়ে যাবে।
- জাপানে ২০১৭ সাল থেকে Technical Intern প্রেরণ শুরু তাছাড়াও এ বছর থেকে ১৪টি ক্যাটাগোরিতে বিনা খরচে কর্মী প্রেরণের কার্যক্রম শুরু হচ্ছে;

চলমান...

# মন্ত্রণালয়ের অর্জন

- ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মাধ্যমে ২০১৮ সালে প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর মৃতদেহ দেশে আনয়ন এবং পরিবহন ও দাফন খরচ বাবদ ৩৫ হাজার টাকা করে ৩৬৭৬ টি পরিবারকে প্রায় ১৩ কোটি টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে এবং এ বছর অক্টোবর পর্যন্ত ৩০৫২টি পরিবারকে প্রায় ১১ কোটি টাকা প্রদান করা হয়েছে।
- কল্যাণ বোর্ডের মাধ্যমে প্রবাসে মৃত কর্মীর পরিবারকে আর্থিক অনুদান বাবদ ৩ লক্ষ টাকা করে ২০১৬ প্রবাসে মৃত ৫১০৫ টি পরিবারকে সর্বোচ্চ ১৪৫.২ কোটি টাকা এবং ২০১৮ সালে ৩৯৪২ টি পরিবারকে ১১৩.৯৩ কোটি টাকার অনুদান প্রদান এবং চলতি বছর অক্টোবর পর্যন্ত ৩৫১৯ টি পরিবারকে প্রায় ১০৪ কোটি টাকা প্রদান করা হয়েছে।
- এ বোর্ডের মাধ্যমে ২০১৮ সালে প্রবাসে মৃত ১০৫৮ জন কর্মীর পরিবারকে ক্ষতিপূরণ বাবদ আদায়কৃত ৬৩ কোটি টাকা বিতরণ এবং ২০১৯ সালের অক্টোবর পর্যন্ত ৭২৯ টি পরিবারে মাঝে প্রায় ৪৫ কোটি টাকা প্রদান করা হয়েছে;

চলমান...

## মন্ত্রণালয়ের অর্জন


- ২০১২ সাল হতে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মাধ্যমে প্রবাসী কর্মীর সন্তানদের শিক্ষাবৃত্তি (পিইসি, জেএসসি, এসএসসি, ও এইচএসসি/সমমান) প্রদান কর্যক্রম শুরু হয়েছে এবং ২০১৮ সালে ১৬৬৭ জন প্রায় ৩ কোটি টাকা বৃত্তি প্রদান করা হয়েছে;
- এ বোর্ডেরে মাধ্যমে ২০১৪ সাল হতে পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২.৫২% আসন সংরক্ষণ এবং ২০১৬ সাল হতে একাদশ শ্রেণির ভর্তিতে প্রবাসী কর্মীর সন্তানের জন্য শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ০.৫% আসন সংরক্ষণ;
- প্রবাসী কর্মীদের সুরক্ষা ও অভিবাসন ব্যয়হ্রাসে আইন ও বিধি প্রণয়ন করা;
- বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন,২০১৩ মোবাইল কোর্ট আইনের তফশীলভুক্ত; এবং
- বিদেশ গমনেচ্ছু কর্মীদের বীমা সুবিধা প্রদান করা।

# অর্জন/ স্বীকৃতি


## জাতীয় উন্নয়ন মেলা ও ডিজিটাল মেলায়  সাফল্য

| সাল | জাতীয় আয়োজনের নাম | ১ম স্থান (জেলায়) | ২য় স্থান(জেলায়) | মোট (৩য় স্থানসহ |
|---|---|---|---|---|
| ২০১৮ | জাতীয় উন্নয়ন মেলা | ১৯ | ১৫ | ৪৮ |
| | ডিজিটাল মেলা | ৫৪ | ২ | ৫৮ |
| ২০১৭ | জাতীয় উন্নয়ন মেলা | ৩ | ৩ | ৬ |
| | ডিজিটাল মেলা | ৮ | ১ | ৯ |
| ২০১৬ | জাতীয় উন্নয়ন মেলা | ১ | ০ | ৩ |
| | ডিজিটাল মেলা | ১ | ০ | ৭ |

# জেলাভিত্তিক বৈদেশিক কর্মসংস্থান তথ্যচিত্র (২০১৯ সালে)



# দেশভিত্তিক বৈদেশিক কর্মসংস্থান তথ্যচিত্র (১৯৭৬-অক্ট./২০১৯)



# অভিবাসন

- নিরাপদ, সুশৃঙ্খল, নিয়মিত ও দায়িত্বশীল অভিবাসন
- এসডিজি'র লক্ষ্য ১০.৭ ও ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার লক্ষ্য বাস্তবায়ন;
- সরকারের নির্বাচনী ইশতেহারে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত প্রতি উপজেলা হতে প্রতিবছর গড়ে ১০০০ জন অভিবাসী কর্মীর বিদেশে কর্মসংস্থানের ব্যবস্থাকরণ।

# বিশেষ লক্ষ্য

- বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার অনুযায়ী প্রতি উপজেলা থেকে গড়ে ১০০০ দক্ষ কর্মী প্রতি বছর বিদেশ প্রেরণ করতে হবে।

Link

# অভিবাসন সংশ্লিষ্ট আইন, বিধিমালা ও নীতিসমূহ

**আইনঃ**

১. বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩

২. ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড আইন,২০১৮

**বিধিমালাঃ**

১. বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী বিধিমালা, ২০১৭

২. রিক্রুটিং এজেন্ট আচরণ ও লাইসেন্স বিধিমালা, ২০০২

(রিক্রুটমেন্ট এজেন্ট আচরণ ও লাইসেন্স বিধিমালা, ২০১৯-প্রক্রিয়াধীন)

**নীতিমালাঃ**

১. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতিমালা, ২০১৬

২.বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনিবাসী বাংলাদেশি) নির্বাচন নীতিমালা, ২০১৫

৩.বিদেশ গমনেচ্ছু কর্মীদের স্বাস্থ্য পরীক্ষা নীতিমালা, ২০০৮

# লক্ষ্য অর্জনে মন্ত্রণালয়ের পদক্ষেপ

- টিটিসি'তে প্রশিক্ষণপ্রাপ্ত কর্মীদের 'Data Bank' হতে বাছাই করে দক্ষ ও সচেতন কর্মী প্রেরণের ব্যবস্থা গ্রহণ;
- প্রতি উপজেলা হতে সমগুরুত্বে ও সমহারে ১৮-৪৫ বছরের সম্ভাবনাময় পুরুষ ও নারীর Decent বৈদেশিক কর্মসংস্থানের ব্যবস্থা;
- প্রতিজেলায় এজেন্টের অফিস ব্যবস্থাপনার মাধ্যমে কর্মীদের দোরগোড়ায় সহজে সেবা প্রদানের ব্যবস্থা;
- বিদেশ গমনেচ্ছুকদের জন্য 'Data Bank' স্থাপন।

## বিদেশ যাওয়ার সিদ্ধান্ত গ্রহণ করলে যে সব বিষয় জানতে হবে:

- কাজের নাম, ধরন ও কোম্পানির নাম;
- কর্মস্থলের কর্ম পরিবেশ, বেতন-ভাতা, প্রতিদিনের শ্রমঘন্টা;
- কাজের ভিসা (স্টুডেন্ট, ভিজিট বা ট্যুরিস্ট ভিসা ব্যতীত);
- বাংলাদেশের রিক্রুটিং এজেন্টের নাম ঠিকানা, আরএল নম্বর, মোবাইল নম্বর ইত্যাদি;
- ফ্রি ভিসার নামে বিদেশে কাজ নিলে কোন কাজের কোন নিশ্চয়তা থাকে না;
- কাজের চুক্তি পত্র।

# ভূয়া কাগজপত্রে বিদেশগেলে কি কি বিপদ হতে পারে?

- অবৈধ হয়ে পালিয়ে থাকতে হয়;
- দেশে ফেরত আসা অনিশ্চিত হয়ে যায়;
- দেশ থেকে সাহায্য করাও দুরূহ হয়ে যায়;
- নিরুদ্দেশ (Missing) হতে পারেন;
- শারীরিক নির্যাতনের শিকার হতে পারেন;
- অসাধু চক্রের কবলে পড়ে অপরাধ জগতে অনুপ্রবেশ হতে পারেন;
- মন্ত্রণালয়,প্রবাসী কল্যাণ বোর্ড ও দুতাবাসের সহযোগিতা দেওয়া সম্ভব হয় না;
- জেল জরিমানা হয়/ চিকিৎসা সেবা পাওয়া যায় না;
- ফিঙ্গার প্রিন্ট দেয়া থাকে বিধায় পুনরায় বিদেশ যাওয়া বন্ধ হয়ে যায়।

# বিদেশে চাকুরী পেতে করণীয়

- **Passport করা;**
- **Visa পাওয়া;**
- স্বাস্থ্য পরীক্ষা করা;
- **Pre-departure Training;**
- বহির্গমন ছাড়পত্র/**Smart Card;**
- ৩০০ (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে রিক্রুটিং এজেন্ট ও কর্মীর অঙ্গীকারনামা থাকা;
- নগদ অর্থ দেয়ার পরিবর্তে বৈধ চ্যানেলে অর্থ পরিশোধ;
- জেলায় অবস্থিত প্রবাসী কল্যাণ ব্যাংকে বিদেশগামী কর্মীর একাউন্ট থাকা।

# ফ্রি ভিসার বিপদ

- অবৈধভাবে কর্মে নিয়োজিত হয়ে ভোগান্তি শুরু;
- নিয়োগকারীর ইচ্ছেমত কাজ করা;
- নিয়োগকারীকে কমিশন দিয়ে মানবেতর জীবন যাপন;
- কাজ থাকেনা বিধায় অসহায় জীবন যাপন;
- ভিসার মেয়াদ শেষ হলে অবৈধ হয়ে পড়া;
- জেল বা হাজত বাসের সম্ভাবনা;
- জিসিসিভুক্ত(এরাবিয়ান দেশসমূহ) দেশে যেতে পারবেন না।

# দালাল বা মধ্যস্বত্বভোগীর কবলে পড়লে বিপদসমূহ

- অভিবাসন ব্যয় নিশ্চিত বৃদ্ধি;
- জীবনের অনিরাপদ ও অনিশ্চিত যাত্রা শুরু;
- যে কোন বিপদে সরকারের সাহায্য পাওয়ার সুযোগ বন্ধ;
- দালাল প্রায়শঃই টাকা নিজে গ্রহণে আগ্রহী;
- ব্যর্থ হলে দালাল ব্যাংকে নিজের একাউন্ট-এ টাকা নিতে আগ্রহী;
- বিদেশ গমনে বা বিদেশে সমস্যা হলে এজেন্ট দালালের দায়িত্ব নেয় না;
- কেবল Manpower করিয়ে দেয়ার অজুহাত দেখিয়ে এজেন্ট দায় এড়াতে চায়।

# দক্ষ হয়ে বিদেশ যাওয়ার জন্য করণীয়

- টিটিসি/ওটিসি থেকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ গ্রহণ;
- হাতে কলমে শিক্ষার মাধ্যমে  অভিজ্ঞতা অর্জন ;
- অন্যান্য কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র থেকে বৃত্তিমুলক শিক্ষা গ্রহণ;
- বিদেশ গমনেচ্ছু কর্মীদের ডাটাবেইজে অন্তর্ভুক্ত হওয়া;
- দালাল/ মধ্যস্বত্বভোগীদের পরিবর্তে সরাসরি এজেন্টের সাথে যোগাযোগ;
- সরকার নির্ধারিত অভিবাসন ব্যয়ের অতিরিক্ত অর্থ প্রদান না করা;
- যে দেশে যাচ্ছেন ঐ দেশের ভাষা, সংস্কৃতি সম্পর্কে জানা;
- নিজের ও পরিবারের নামে আলাদা ব্যাংক একাউন্ট করা।

# প্রবাসী কর্মীদের জন্য সরকারী সুবিধা পেতে হলে করণীয়

- বৈধভাবে, স্মার্টকার্ড নিয়ে বিদেশ গমন;
- বৈধভাবে বসবাসরত অনাবাসী ও অনিবন্ধিত বাংলাদেশীদের ডাটাবেজে নাম অন্তর্ভুক্তি;
- অনলাইনে নির্ধারিত ফরম পূরণ;
- দূতাবাসে নির্ধারিত ফি ও কাগজপত্র জমা।

লিংক:

http://member.wewb.gov.bd/wewbm/createnewMemberHomeAll)

# নিরাপদ অভিবাসন, মনে রাখা প্রয়োজন

- যে কোন প্রয়োজনে যে কোন স্থান হতে প্রবাসবন্ধু কল সেন্টারে তথ্য জানার সুযোগ:

  +৮৮০ ১৭৮৪ ৩৩৩ ৩৩৩

  +৮৮০ ১৭৯৪ ৩৩৩ ৩৩৩

  +৮৮০ ২ ৯৩৩ ৪৮৮
- ফ্রি ভিসা বলতে কোন ভিসা নেই;
- দেশ অনুযায়ী অভিবাসন ব্যয় নির্ধারিত;
- বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩ মোবাইল কোর্ট আইন, ২০০৯ এর তফসিলভুক্ত;
- ব্যাংকের মাধ্যমে রেমিট্যান্স প্রেরণ সহজ,নিরাপদ,সময় সাশ্রয়ী ও ঝুঁকিমুক্ত;
- অনলাইনের মাধ্যমে বিদেশে বৈধভাবে বসবাসরত অনাবাসী ও অনিবন্ধিত বাংলাদেশিদের ডাটাবেজে নাম অন্তর্ভুক্তির সুযোগ: (http://member.wewb.gov.bd/wewbm/createnewMemberHomeAll);
- অনলাইনে অভিযোগ প্রেরণের সুযোগ: (https://www.ovijogbmet.org)
- দেশব্যপী মোট ৬৪ টি টেকনিক্যাল ট্রেনিং সেন্টার (টিটিসি) ও ৬ টি ইন্সটিটিউট অফ মেরিন টেকনোলজি (আইএমটি) চালু আছে এবং প্রতি উপজেলায় টিটিসি প্রতিষ্ঠিত হচ্ছে।

# জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, কুষ্টিয়া।

- **প্রতিষ্ঠা কাল** : ১৯৮২ সাল ।
- রেজিষ্ট্রেশন ও ফিঙ্গারপ্রিন্ট কার্যক্রম শুরু ঃ ১২-০১-২০১৭ ইং (রেজিষ্ট্রেশন)

  ১২-০১-২০১৭ ইং (ফিংগারপ্রিন্ট)

| | রেজিস্ট্রেশন | | ফিঙ্গার প্রিন্ট | |
|---|---|---|---|---|
| ২০১৭-২০১৯ | ছেলে | মেয়ে | ছেলে | মেয়ে |
| | ৪৯,০০৪ | ৩৩২০ | ৪৯,০০৪ | ৩৩২০ |

কুষ্টিয়া জেলার শুরু থেকে অদ্যাবধি মোট ৯১১৬৪ জন বিদেশে গিয়েছেন। তার মধ্যে ৮৪১৭৩ জন পুরুষ এবং মহিলা ৬৯৯১ জন।

ভেড়ামারা উপজেলার শুরু থেকে অদ্যাবধি মোট পুরুষ ৯,৮৯০ জন এবং মহিলা ৫৫০ জন।

# Digital Smart Card for the Migrant Worker




**High Quality Preprint**

**Secure 64K Microprocessor card with encryption**




**Employee Information**

**Photo**

**Barcode**

# ধন্যবাদ

